

তারিখ
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ...



পুনর্মিলনী অনুষ্ঠানের আঙ্গক হিসেবে প্রতিবেদন - ভোরের কাগজ

বরিশাল জিলা স্কুলের প্রাক্তন ছাত্রদের পুনর্মিলনী অনুষ্ঠিত

বরিশাল প্রতিনিধি : গত ১ মার্চ ঐতিহ্যবাহী বরিশাল জিলা স্কুলের ১৯৭৩, ১৯৭৪, ১৯৭৫ ব্যাচের প্রাক্তন ছাত্রদের এক পুনর্মিলনী উৎসবে বরিশাল জিলা স্কুল চত্বরে অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী অনুষ্ঠানের প্রথম পর্ব শুরু হয় সকালে। প্রথম পর্বে সভাপতিত্ব করেন পুনর্মিলনী উৎসবের প্রধান পৃষ্ঠপোষক স্কুলের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলাম। এ পর্বে স্বাগত ভাষণ প্রদান করেন এলামনাই অ্যাসোসিয়েশন ('৭৩, '৭৪, '৭৫ ব্যাচ)-এর আহ্বায়ক '৭৫ ব্যাচের কৃতী ছাত্র ও জাতীয় সংসদে বরিশাল-১ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য, প্রাক্তন চক্রান্ত জাহির উদ্দিন হপন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন অ্যাসোসিয়েশনের সদস্য সচিব অতিরিক্ত মহা-হিসাবরক্ষক নাজিম উদ্দিন তৌধুরী।

অনুষ্ঠানে বরিশাল জিলা স্কুলের সাবেক ও বর্তমান শিক্ষকবৃন্দকে ফুলের তুতোয়া জানানো হয়। এ দিন ব্যাচের প্রয়াত ছাত্র সাবেক জাতীয় সংসদ সদস্য এহতেশাম উল হক নাজিম বিদ্বাস, হাফেজ ফারুক, হপন, রিফ্টু এবং সম্প্রতি মৃত্যুবরণকারী রেককো ল্যাবরেটরির পরিচালক সামসুল আলমসহ প্রয়াত অন্য ছাত্র ও শিক্ষকবৃন্দ শ্রদ্ধা এক মিনিট নীরবতা পালন করা হয়। প্রথম পর্ব শেষে বাদ জুমা প্রয়াতদের রুহে মাগফেরাত কামনা করে মিলাদ ও দোয়া অনুষ্ঠান করা হয়।

দুপুরে মধ্যাহ্নভোজে পরশবই, স্মৃতিচারণ ও বিকেলে মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। স্বাগত ভাষণে ও স্মৃতিচারণে সংসদ সদস্য জাহিরউদ্দিন হপন বরিশাল জিলা স্কুলের দেড়শতবর্ষপূর্তি পালন করার জন্য অ্যাসোসিয়েশনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে এ পুনর্মিলনী উৎসবকে দেড়শতবর্ষপূর্তি পালন উৎসবের সূচনা বলে দেশ-বিদেশে অবস্থানকারী সকল প্রাক্তন ছাত্রদের এগিয়ে আসার আহ্বান জানান। তিনি জিলা স্কুলের শহীদ মিনার পুনর্সংস্কার করার জন্য এলামনাই অ্যাসোসিয়েশন ('৭৩, '৭৪, '৭৫)-এর পক্ষ থেকে সমস্ত ব্যয়ভার বহন করার কথাও ঘোষণা করেন।

অনুষ্ঠানে অন্যদের মেধা বক্তব্য রাখেন- ড. মিজানুর রহমান আরএমও, জেনারেল হাসপাতাল, বরিশাল, অসাদুজ্জামান খসক, স্থপতি কাজী গোলাম নাসির, কৃষিবিদ কাজী মোহাম্মদ হাফিজ, ডা. প্রদীপ বণিক, ডা. জিহুর রহমান ডা. আব্দুল্লাহ খান স. হু. ইমামুল হকিম, অধ্যাপক ডা. নাসিমুল হক, কায়সার বিদ্বাস, এহসানুল কবির মিল্ট প্রদুর্। সাবেক শিক্ষকদের মেধা বক্তব্য রাখেন প্রধান শিক্ষক (অব.) মতিউর রহমান, প্রধান শিক্ষক (অব.) নূরুল ইসলাম, সাবেক শিক্ষক নাজিমউদ্দিন আহমেদ প্রমুখ।